"মুজিব বর্ষের প্রতিশ্রুতি সেবা, ত্যাগ ও অগ্রগতি"

রাজবাড়ী সদর উপজেলার ফেব্রুয়ারী/ ২০২২ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতি : মার্জিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী ।

তারিখ : ১৪/০২/২০২২ খ্রিঃ।

সময় বিকাল ৩.৩০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত নবাগত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ এর সাথে প্রথম সভা হওয়ায় ফুলের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলকে সামাজিক দূরত্ব বজায় রেখে ও বাধ্যতামূলক মাস্ক ব্যবহার করার আহবান জানান।

০২. **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। ডিসেম্বর/২০২১ ও জানুয়ারী/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র সভায় পর্যালোচনা করা হয়।

০৩. **উপজেলার অপরাধ প্রবণতা :** ডিসেম্বর/২০২১ ও জানুয়ারী/২০২২ মাসের তুলনামূলক অপরাধ চিত্র নিম্নের ছকে দেখানো হলো :

মাসের নাম	খুন	ধর্ষণ	ডাকাতি/	চুরি	বিশেষ ক্ষমতা আইন	অস্ত্র উদ্ধার	জুয়া আইনে মামলা	নারী ও শিশু নির্যাতন অপরাধ	প্রতারণা / মানবপাচার	মাদক মামলা	বিস্ফোরকমা মলা	সড়ক দুর্ঘটনা	অন্যান্য	মোট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
জানুয়ারী/২০২২	-	-	-	৪	১	-	-	৩	-	১৭	-	-	১৮	৪৩	
ডিসেম্বর/২০২১	-	-	-	৩	-	-	-	৫	-	১৩	-	-	২১	৪২	
	-	-	-	বৃদ্ধি	বৃদ্ধি	-	-	হ্রাস	-	বৃদ্ধি	-	-	হ্রাস	বৃদ্ধি	

উক্ত তুলনামূলক তথ্যাদি পর্যালোচনায় দেখা যায়, ডিসেম্বর/২০২১ মাসে চুরি- ০৩ টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৫ টি, মাদক মামলা -১৩ টি ও অন্যান্য-২১ টি সহ মোট ৪২ টি ও জানুয়ারী/২০২২ চুরি- ০৪ টি,বিশেষ ক্ষমতা আইন -১টি, নারী ও শিশু নির্যাতন অপরাধ-০৩ টি, মাদক মামলা -১৭ টি ও অন্যান্য-১৭ টি সহ মোট ৪৩ টি অপরাধ সংঘটিত হয়েছে। উপজেলার সার্বিক অপরাধ প্রবণতা ডিসেম্বর/২০২১ মাসের তুলনায় জানুয়ারী/২০২২ মাসে কিছুটা বৃদ্ধি পেয়েছে।

সিদ্ধান্ত : রাজবাড়ী সদর উপজেলার সার্বিক অপরাধ পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণে তৎপর হতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অনুরোধ করা হলো ।

বাস্তবায়নে : অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ।

০৪. **জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনা :** সভাপতি জঙ্গীবাদের কুফল বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বলেন, বর্তমান অবস্থার প্রেক্ষাপটে সরকারের নির্দেশনা অনুযায়ী উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রতি শুক্রবার মসজিদে নামাজ আদায় কালে খুৎবার পূর্বে মাদকের ভয়াবহতা, জঙ্গীবাদ, সন্ত্রাস ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে পবিত্র কুরআন ও হাদিসের আলোকে ০৫ মিনিট নিয়মিত বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানান। তাদেরকে প্রত্যেক শুক্রবার ভিন্ন ভিন্ন মসজিদে নামাজ আদায় করার জন্য অনুরোধ জানান হয়।

সিদ্ধান্ত : জঙ্গীবাদের কুফল সম্পর্কে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে বক্তব্য প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

বাস্তবায়নে: উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজবাড়ী,সভাপতি, ইমাম কমিটি,রাজবাড়ী এবং রাজবাড়ী সদর উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তা ও সকল ইউ,পি চেয়ারম্যান ।

০৫. **মাদক বিরোধী অভিযান :** মাদক নিয়ন্ত্রন অধিদপ্তর, রাজবাড়ী এর কোন প্রতিনিধি না থাকায় কোন তথ্য পাওয়া যায় নাই।

সিদ্ধান্ত : উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর, রাজবাড়ী এর প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বাস্তবায়নে : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজবাড়ী সার্কেল ।

০৬. উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও সংশ্লিষ্ট সকল বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত:

সভাপতি অপরাধ চিত্র পর্যালোচনা করে বলেন যে, চলতি মাসে অপরাধ প্রবণতা কিছুটা বৃদ্ধি পেয়েছে। তিনি উপস্থিত সকলকে নতুন বছরের শুভেচ্ছা জানান। অত:পর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও উপস্থিত সকল সদস্য/সুধীজনের বক্তব্য ও মতামতের আলোকে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:ং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
৬.১	জনাব মোস্তফা-আল-রাজিব সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, গত ১ নভেম্বর/২০২১ হতে ৩০জুন/২০২২ পর্যন্ত ৮ মাস ব্যাপী জাটকা ইলিশ সংরক্ষণ এর সময় নির্ধারণ করা হয়েছে। এ সময় রাজবাড়ী সদর উপজেলার নতুন বাজার, শ্রীপুর, অন্তর মোড়সহ বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে ১০ ইঞ্চি এর নিচে ৩০ কেজি জাটকা ইলিশ মাছ উদ্ধার করা হয়েছে। নদীর পাশাপাশি বিভিন্ন বাজার মনিটরিং অব্যহত থাকবে। তিনি বলেন, গোদার বাজার এলাকায় নদীতে একটি বাঁধ দেওয়া হয়েছিল। উক্ত বাঁধটি মোবাইল কোর্ট ছাড়াই আলোচনার মাধ্যমে অপসারণ করা হয়েছে। তিনি সকলকে বলেন, সকলকে একযোগে চেষ্টা করতে হবে যেন রাজবাড়ী সদরের কোথাও জাটকা পাওয়া না যায়। এছাড়া তিনি আরো জানান যে, প্রকৃত মৎস্যজীবীদের সরকারী সাহায্য সহযোগিতা প্রদানের উদ্যোগ নেয়া হচ্ছে।	জাটকা আহরণ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তথ্য দিয়ে সহযোগিতা করবেন।	উপজেলা প্রশাসন ও উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর।
৬.২	উপজেলা আনসার ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভাকে জানান যে, তিনি রাজবাড়ী সদর উপজেলায় নতুন যোগদান করেছেন। তিনি আরো জানানযে, গত ডিসেম্বর/২০২১ মাসে রাজবাড়ী সদর উপজেলায় ১৪ টি ইউনিয়নে ইউনিয়ন পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে মোট ২১৫৯ জন আনসার সদস্য দায়িত্ব পালন করেছেন। নির্বাচন পরবর্তীতে রাজবাড়ী সদরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো আছে।	সরকার প্রদত্ত দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়ে সকলের সার্বিক সহয়োগিতা প্রয়োজন।	আনসার ও ভিডিপি অফিসার, রাজবাড়ী সদর সদস্যদের নিয়মিত প্রশিক্ষনের কার্যক্রম গ্রহণ করবেন
৬.৩	জনাব নাছরিন আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় ১২৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে। প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে অনেক ইলেকট্রনিক যন্ত্রপাতি ও শিক্ষা উপকরণ আছে। স্কুলের সম্পদ রক্ষার্থে স্কুল এলাকায় পুলিশ টহল বৃদ্ধি করা হলে চুরি হ্রাস পাবে। এ বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য তিনি আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান।	বিদ্যালয়ের নৈশ প্রহরীদের দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষকগন ব্যবস্থা নিবেন।	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
৬.৪	অধ্যক্ষ, শ্রীপুর লজ্জাতুননেছা কামিল মাদ্রাসা, রাজবাড়ী সদর এর প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা পরিষদের পাশে শ্রীপুর লজ্জাতুননেছা কামিল মাদ্রাসায় ৩১ ডিসেম্বর রাতে বোমা ফাঁটানো হয়েছে। বোমা ফাঁটানো মামলায় কোন আসামী গ্রেফতার হয় নাই। কিছু লোক রাতে মটর সাইকেল যোগে এসে মাদ্রাসার পাশে মাদক সেবন করেন। মৎস্যজীবীদের ঘর পোড়ায়ে দিয়েছে। এদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মাদক বন্ধের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৫	উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর জানান যে, উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, হিজরা ভাতা মোবাইলের বিকাশের মাধ্যমে প্রদান করা হয়। ভাতা ভোগীদের অনেকেই মোবাইলের ম্যাসেজ চেক করেন না। বিকাশের ম্যাচেজ চেক না করেই টাকা না পাওয়ার অভিযোগ করে থাকেন। ম্যাসেজ চেক করার বিষয়ে সমাজের অগ্রসর মানুষের সার্বিক সহযোগিতার প্রয়োজন। সকল ভাতা ভোগীদের টিকা নেয়া বাধ্যতামূলক। বিষয়টি বহুল প্রচার করা প্রয়োজন। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কল্পে ১০৯৮ নম্বরে কল করলে সার্বিক সহযোগিতা করা হবে। তিনি আরো জানান যে, সমাজসেবা অফিস থেকে ক্যান্সার, লিভারসিলোসিস, কিডনী, থ্যালাসেনিয়া ও প্যারালাইসিস রোগীদের এককালিন ৫০,০০০/- টাকা করে অনুদান প্রাপ্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে। এ বিষয়ে সকলের আসলে সার্বিক সহযোগিতা প্রয়োজন।	ভাতা ভোগীদের টিকা প্রদান,নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কল্পে ১০৯৮ নম্বরে কল করলে সার্বিক সহযোগিতা প্রদান ও ক্যান্সার, লিভারসিলোসিস, কিডনী, থ্যালাসেনিয়া ও প্যারালাইসিস রোগীদের এককালিন ৫০,০০০/- টাকা করে অনুদানের বিষয়ে প্রচার করার ব্যবস্থা নিতে হবে।	উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান
৬.৫	জনাব ওহিদুজ্জামান শেখ, চেয়ারম্যান, মূলঘর ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান, এলাকার অনেক বিধবা ভাতা ভোগীদের টাকা অন্য হিসাবে চলে গেছে যা সমাধান করা প্রয়োজন। তিনি আরো জানান যে, ইউনিয়ন পরিষদ নির্বাচনের রাতে একজন সদস্য প্রার্থী ৮ ভোটে বিজয়ী হওয়াকে কেন্দ্র করে পরাজিত প্রার্থীর সাথে দাঙ্গা হাঙ্গামা হয়। পরবর্তীতে মামলা হলে অনেক নিরপরাধ ব্যক্তি আসামী হয়েছে। এত এলাকার সাধারণ মানুষ পুলিশ আতংকে আছেন। নিরপরাধ ব্যক্তি হয়রানী না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনীকে অনুরোধ জানান।	নির্বাচন পরবর্তী দাঙ্গা হাঙ্গামায় নিরপরাধ ব্যক্তি হয়রানী না হয় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৬	জনাব মোঃ দেলোয়ার শেখ, চেয়ারম্যান, দাদশী ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকায় জমি সংক্রান্ত মামলাকে কেন্দ্র করে দাঙ্গা হলেও পরবর্তীতে চাঁদাবাজী মামলায় জড়ানো হয়। বিষয়টি তদন্তপূর্বক অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।	বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.৭	জনাব মোঃ আব্দুর রব, চেয়ারম্যান, চন্দনী ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের চন্দনী, আজুগড়া ও আফড়া এলাকায় গরু চুরি বৃদ্ধি পেয়েছে। হাইওয়েতে পুলিশ টহর জোরদার করা হলে এলাকায় চুরি রোধ করা সম্ভব হবে।	পুলিশ টহল বৃদ্ধি করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।

৬.৮	জনাব একেএম ইকবাল হোসেন, চেয়ারম্যান, খানখানাপুর ইউনিয়ন পরিষদ জানান যে, এলাকায় চুরি, গরু চুরি, সন্ত্রাস ও মাদক সেবন বৃদ্ধি পেয়েছে। মাদক সেবক ও বিক্রয়কারীরা বেপরোয়া হয়ে পড়েছে। এটা রোধ করা না হলে যুব সমাজ ধ্বংস হয়ে যাবে। জাতীয় মুক্তির জন্য মাদক ও সন্ত্রাসমুক্ত সমাজ গঠন করা খুবই জরুরী।	মাদক ও সন্ত্রাসমুক্ত সমাজ গঠনে সচেতনতা বৃদ্ধি করতে হবে।	চেয়ারম্যানগণ ইউনিয়ন পরিষদসমূহে নিয়মিত মাদক ও সন্ত্রাস প্রতিরোধ কমিটির সভা করবেন।
৬.৯	জনাব মোঃ নূর হোসেন ভূঁইয়া, চেয়ারম্যান, শহীদ ওহাবপুর ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, মাদক সমাজের রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে। মাদক সেবিরা বিভিন্ন সামাজিক অপরাধ করছে। অধিকাংশ অপরাধের সাথে মাদক সেবীরা জড়িত। মাদক সেবক ও বিক্রয়কারীদের অধিকাংশের মটর সাইকেলের রেজিস্ট্রেশন নাই। বেপরোয়া গতিতে মিটর সাইকেল চালানোর কারণে দুর্ঘটনা হচ্ছে। চালকের লাইসেন্স ও রেজিস্ট্রেশন বিহীন মটর সাইকেল চলাচল রোধ করা প্রয়োজন।	চালকের লাইসেন্স ও রেজিস্ট্রেশন বিহীন মটর সাইকেল চলাচল রোধ করা হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১০	বীর মুক্তিযোদ্ধা, জনাব আ: জলিল, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার, রাজবাড়ী সদর সভায় ভাষার মাস উপলক্ষে ভাষা শহীদদের শ্রদ্ধাভরে স্মরণ করে সভায় বক্তব্য প্রদান করেন। সারা পৃথিবীতে ভাষার জন্য কোথাও রক্ত দিতে হয় নাই। কিন্তু আমাদের দেশের বিশ্ববিদ্যালয়ের তরুনদের রক্ত দিতে হয়েছে। তিনি আরো জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় রেজিষ্ট্রেশন ও হেলমেট বিহীন মোটর সাইকেল এর মাদক বিক্রয় হয়। ঢাকনা বিহীন বালির ট্রাক চলার কারণে বায়ুদুষণ হচ্ছে। পাচুরিয়া ইউনিয়নে মাদকের আখড়া আছে। চিহ্নিত স্থানসমূহে নিয়মিত অভিযানের বিষয়ে ব্যবস্থা নিতে আইন শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ করেন।	ঢাকনা বিহীন বালির ট্রাক এবং রেজিষ্ট্রেশন ও হেলমেট বিহীন মোটর সাইকেল বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১১	জনাব আলেয়া বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভাকে জানান যে, সমাজে গরু, হাস মুরগী চুরির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। সন্ধ্যার পরে মাদক বিক্রয়কারী ও সেবনকারীরা চা এর দোকানে বসে আড্ডা দেয়। মাদক সেবনকারী ও বিক্রয়কারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। তিনি আরো জানান ঢাকনা বিহীন বালির ট্রাক চলার কারণে বায়ুদূষণ হচ্ছে। এ বিষয়ে সচেতনতামূলক ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	মাদক সেবক ও বিক্রয়কারী ও অনৈতিক কার্যকলাপে জড়ানোর বিষয়ে ব্যবস্থা নিতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
৬.১২	জনাব রকিবুল হাসান পিয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় জানান যে, ফেব্রুয়ারী মাস ভাষার মাস। ছালাম, বরকত, রফিক, জব্বার বুকের তাজা রক্ত দিয়ে এ মাসে শহীদ হয়েছেন। তাদের শ্রদ্ধা ও সালাম জানান। তিনি আরো জানান মাদকাসক্ত সন্তান কোন পরিবারের সন্তান, কারো ভাই কারো আপন জন। মাদক মুক্ত সমাজ গঠনে সকলকে একসাথে কাজ করতে হবে। মাদক নিয়ন্ত্রণের লক্ষে মাদক সেবক ও বিক্রয়কারীদের বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনীকে তথ্য দিয়ে সার্বিক সহযোগিতা করতে হবে। বানীবহ ইউনিয়নের আ: লতিফ মিয়ার হত্যাকান্ডের সাথে জড়িত ব্যক্তিরা সাজা পাক, সমাজ সন্ত্রাস ও মাদক মুক্ত থাকুক তা কামনা করি।	মাদকের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।
৬.১৩	সহকারী কমিশনার(ভূমি) রাজবাড়ী সদর জানান যে, রাজবাড়ী সদর উপজেলায় ড্রেজার দিয়ে মাটি কাটার প্রবনতা বেশী। অনেকে সরকারি জমি থেকে মাটি কেটে অন্যত্র বিক্রয় করে থাকেন। ড্রেজার দিয়ে মাটি কাটা, সরকারি গাছ কাটা প্রতিরেধের বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের ভূমিকা গুরুত্বপূর্ন। এ ধরণের সমস্যার সমান করা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনের বিচক্ষনতা ও সুনামের বিষয়।	ড্রেজার দিয়ে মাটি কাটা ও সরকারি গাছ কাটা বন্ধ করতে হবে।	সহকারী কমিশনার(ভূমি) রাজবাড়ী সদর ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ
৬.১৪	জনাব এ্যাডভোকেট ইমদাদুল হক বিশ্বাস, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর সভায় বক্তব্য প্রদান করেন। তিনি জানান ইউনিয়ন পরিষদ এলাকার আইন-শৃঙ্খলা রক্ষা, মাদক নিয়ন্ত্রণ, ড্রেজার দিয়ে মাটি বালি উত্তোলন রোধ এর বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের ভূমিকা গুরুত্বপূর্ণ। সরকারের নির্দেশনা আছে কেহ নিজ জমি থেকে মাটি কাটতে ও পুকুর ভরাট করতে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে। ড্রেজার মেশিন বসানো যাবে না। মাদক নিয়ন্ত্রণ করতে হলে নম্বর বিহীন মটর সাইকেল ও লাইসেন্স বিহীন চালকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশ্ববর্তী দেশের তুলনায় আমাদের দেশের আইন-শৃঙ্খলা অনেক ভালো আছে। তিনি আরো জানান যে, অনেক দরিদ্র ব্যক্তি অর্থের অভাবে মামলা পরিচালনা করতে পারে না। এ ধরনের ব্যক্তিদের লিগ্যাল এইড সার্বিক সহযোগিতা করে থাকেন। আইনগত সহযোগিতা প্রত্যাশিত ব্যক্তি তালিকা উপজেলা পরিষদ চেয়ারম্যান, রাজবাড়ী সদর বরাবর প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনকে অনুরোধ করেন। যা পরবর্তীতে লিগ্যাল এইড বরাবর প্রেরণ করা হবে। যারা মাদক বিক্রি ও সেবন করেন তাদের বিষয়ে আইনানুগ ব্যবস্থা নিতে তিনি আইন- শৃঙ্খলা বাহিনীকে অনুরোধ জানান। পরিশেষে মাতৃভাষার জন্য আত্মত্যাগী শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বক্তব্য শেষ করেন।	কাগজ বিহীন মটর সাইকেল ও লাইসেন্স বিহীন মটর চালক ও মাদকের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অফিসার ইনচার্জ, রাজবাড়ী থানা।